**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-06-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) অরুনাচল প্রদেশ বিধানসভা নির্বাচনে বিজেপি এবং সিকিমে ক্ষমতাসীন সিকিম ক্রান্তিকারী মোর্চা জয় পেল ।**

**(২) সারা দেশের সঙ্গে ত্রিপুরাতেও ভোট গননার প্রস্তুতি জোর কদমে ।**

**(৩) গুয়াহাটি থেকে ত্রিপুরা ও কাছাড়ে খাদ্য দ্রব্য বোঝাই এবং পেট্রো পন্যের রেল রেক চলাচল পুনরায় শুরু ।**

**(৪) রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার সূচনা ।**

****************************************

**Assembly:**

অরুনাচল প্রদেশ বিধানসভা নির্বাচনে বিজেপি পুনরায় ক্ষমতাসীন হলো। সিকিমে জয় পেল ক্ষমতাসীন সিকিম ক্রান্তিকারী মোর্চা। এই দুই রাজ্যের বিধানসভা নির্বাচনের ভোট গণনা আজ অনুষ্ঠিত হয়। গত ১৯ এপ্রিল লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে অরুনাচল প্রদেশের ৬০ আসনে এবং সিকিমের ৩২টি বিধানসভা আসনে ভোট হয়েছিল। অরুনাচল প্রদেশে বিজেপি আগেই ১০টি আসনে বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছিল। বাকি ৫০টি আসনের মধ্যে বিজেপি পেয়েছে ৩৬টি আসন। ন্যাশনাল পিপলস পার্টি ৫টি আসন, এনসিপি ও নির্দল ৩টি করে আসনে জয়লাভ করে।

জাতীয় কংগ্রেস পেয়েছে ১টি আসন এবং পিপলস পার্টি অব অরুনাচল প্রদেশ পেয়েছে ২টি আসন।

অন্যদিকে, সিকিমে ৩২টি আসনের মধ্যে ৩১টি আসন পেয়েছে সিকিম ক্রান্তিকারী মোর্চা। বাকি ১টি আসন পেয়েছে সিকিম ডেমোক্রেটিক ফ্রন্ট।

*******************

**Counting:**

চলতি লোকসভা নির্বাচনের ভোট গননা আগামী মঙ্গলবার সকাল ৮টা থেকে শুরু হবে। একই সঙ্গে অন্ধ্রপ্রদেশ ও উড়িষ্যা বিধানসভা সহ কয়েকটি উপনির্বাচনের ভোট গণনাও হবে। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এবং রিটার্নিং অফিসারদের সঙ্গে বৈঠক করে ভোট গননার প্রস্তুতির পর্যালোচনা করেন। নির্বাচন কমিশন জানিয়েছে কমিশনের ওয়েবসাইট results.eci.gov.in-এ গননার প্রবনতা ও ফলাফল পাওয়া যাবে।

*******************

**Counting-Dhalai:**

পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের ৩০টি বিধানসভা এলাকার ভোট গণনা হবে ১৫ টি স্থানে। এই ভোট গণনাকে কেন্দ্র করে ইতিমধ্যেই সমস্ত ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছেন পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ। তিনি জানান, গণনাকে কেন্দ্র করে বেশ কিছু নির্দেশিকা জারি করা হয়েছে। এই নির্দেশিকাগুলি মেনে চলার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

*******************

**Counting Centre South Dist:**

দক্ষিন জেলার বিলোনিয়া, শান্তিরবাজার ও সাব্রুমের ভোট গননা কেন্দ্রে ত্রি-স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানালেন দক্ষিণ জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা। আজ আকাশবানীর দক্ষিণ জেলার

প্রতিনিধিকে পুলিশ সুপার জানান, গননাকেন্দ্রগুলিতে কেন্দ্রীয় বাহিনী, রাজ্য বাহিনী ও পুলিশ থাকবে। গননাকে কেন্দ্র করে জেলার সাধারন আইন- শৃংখলা বজায় রাখতে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী টিএসআর ও পুলিশ জেলাজুড়ে ফ্ল্যাগমার্চ শুরু করেছে। চলছে থানাস্তরের পুলিশের টহলদারিও।

*******************

**Counting Observer-Unakoti:**

ভোটগননাকে সামনে রেখে ঊনকোটি জেলাতে প্রশাসনিক জোর প্রস্তুতি চলছে। ঊনকোটি জেলার ভোটগণনা অনুষ্ঠিত হবে কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশন গননা কেন্দ্রে।

নির্বাচন কমিশন ঊনকোটি জেলার জন্য দু'জন গননা পর্যবেক্ষক নিয়োগ করেছেন। তাঁরা হলেন, ভিজেন্দ্রার হুডা ও সুনীল কুমার পান্ডে।

*******************

**Flag March-Khowai:**

ভোট গণনা এবং শহরে শান্তির পরিবেশ বজায় রাখার জন্যে আজ দুপুরে জেলা পুলিশ ও প্রশাসনের উদ্যোগে খোয়াই শহরে ফ্ল্যাগ মার্চ অনুষ্ঠিত হয়। এই ফ্ল্যাগ মার্চে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, খোয়াই জেলার পুলিশ সুপার রমেশ কুমার যাদব, খোয়াই মহকুমা শাসক, পুলিশ এবং নিরাপত্তার কাজে নিয়োজিত নিরাপত্তা বাহিনীর জওয়ানরা।

*******************

**Counting-Sonamura:**

ভোটগণনাকে কেন্দ্র করে প্রশাসনিক চূড়ান্ত প্রস্তুতি চলছে সিপাহীজলা জেলার সোনামুড়াতেও। সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে ভোট গণনা করা হবে সোনামুড়া মহকুমার ৪টি বিধানসভা ক্ষেত্রের। এই গননা হবে ৪টি কাউন্টিং হলে। সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত দে জানিয়েছেন, প্রতিটি বিধানসভা ক্ষেত্রের গণনার জন্যই থাকবে ১০টি

করে টেবিল। গণনাকে কেন্দ্র করে থাকবে ত্রি-স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সবরকম প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক।

*******************

**Election result:**

আগামী মঙ্গলবার লোকসভা নির্বাচনের ভোট গননার ফলাফল সংক্রান্ত বিশেষ নির্বাচনী সংবাদ আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে প্রচারিত হবে। ঐদিন সকাল ৯টা থেকে রাত ৯টা ৫ মিনিট পর্যন্ত প্রতি ঘন্টায় বাংলা ও ককবরকে এই বিশেষ বুলেটিন প্রচারিত হবে।

এছাড়াও বিশেষ নির্বাচনী ফলাফলের উপর বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে দুপুর ১২ টা ৫ মিনিটে এবং রাত ৮টা ১৫ মিনিটে।

*******************

**Cycle rally:**

বিশ্ব পরিবেশ দিবসকে সামনে রেখে আজ সকালে আগরতলা হেরিটেজ পার্কের সামনে থেকে সচেতনতামূলক সাইকেল র‍্যালির সূচনা হয়। এই র‍্যালির সূচনা করেন মুখ্যসচিব জে.কে.সিনহা। উপস্থিত ছিলেন পলিউশন কন্ট্রোল বোর্ডের সচিব ডঃ শশী কুমার সহ বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকরা। ত্রিপুরা স্টেট পলিউশান কন্ট্রোল বোর্ডের উদ্যোগে আয়োজিত এই সাইকেল র‍্যালির থিম ছিল "এককালীন প্লাস্টিক দূরীকরণ"। সাইক্লোথোন সংস্থাও এই সাইকেল র‍্যালিতে অংশগ্রহণ করে। র‍্যালিটি আগরতলার শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

*******************

**BJP Award-CM:**

বিজেপি'র উদ্যোগে ৮ টাউন বড়দোয়ালী বিধানসভা এলাকার ২০২৪ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ৬০ শতাংশের উপরে নম্বর পাওয়া কৃতি ছাত্র-ছাত্রীদের আজ সংবর্ধনা প্রদান করা হয়। আগরতলা টাউন হলে

আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেন, পড়াশুনার পাশাপাশি ছাত্রছাত্রীদের কৃষ্টি সংস্কৃতি, হাতের কাজ ইত্যাদিতেও পারদর্শী হতে হবে। কৃতিদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, দেশের পাশাপাশি রাজ্যের জন্য কিছু করার মানসিকতা গড়ে তুলতে হবে। সমাজের উন্নতির দায়িত্ব নিজেদের নিতে হবে বলেও জানান মুখ্যমন্ত্রী। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলার মেয়র দীপক মজুমদার সহ বিজেপি'র অন্যান্য নেতৃবৃন্দ।

*******************

**NF Railway Traffic:**

ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে প্রবল বৃষ্টির জন্য কয়েকদিন বন্ধ থাকার পর গতকাল থেকে আগরতলা-লামডিং ট্রেন চলাচল শুরু হয়েছে। এন এফ রেলওয়ের লামডিং ডিভিশনের ডিআরএম প্রেমরঞ্জন কুমার আকাশবাণীর প্রতিনিধিকে আজ জানিয়েছেন, আগরতলা-শিলচর থেকে দূর পাল্লার ট্রেন চলাচল শুরু হয়েছে। গতকাল আগরতলা থেকে এসএমভিটি বেঙ্গালুরু হামসফর এক্সপ্রেস ট্রেন রওনা হয়েছে। গুয়াহাটি থেকে ত্রিপুরা ও কাছাড় চিনি সহ খাদ্য দ্রব্য বোঝাই রেল রেক, পেট্রো পন্যের রেল রেক পাঠানো হয়েছে বলে তিনি জানান। তিনি জানান, এই রুটে স্বাভাবিকভাবেই ট্রেন চলাচল করছে।

*******************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে সাতটি বিষয়ের উপর উচ্চ পর্যায়ের বৈঠকে সভাপতিত্ব করেন। একটি বৈঠকে ঘূর্ণিঝড় রেমাল পরবর্তী অবস্থা নিয়ে পর্যালোচনা করেন। ভূমিধ্বসের কারনে জনসাধারণের মৃত্যু, গৃহসম্পত্তি ধ্বংসের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, ত্রিপুরা সহ মিজোরাম, আসাম, মনিপুর, মেঘালয় বন্যা পরিস্থিতি নিয়েও আলোচনা হয়। জানানো হয়, রাজ্যগুলিতে প্রয়োজন অনুযায়ী জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী মোতায়েন করা হয়েছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, ঘূর্ণিঝড় প্রভাবিত

রাজ্যগুলিকে কেন্দ্রীয় সরকার সবধরনের সাহায্য করবে। অন্য একটি বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশ জুড়ে তাপপ্রবাহ বিষয়ে পর্যালোচনা করেন। আবহাওয়া দপ্তরের বার্তা সহ রাজস্থান, গুজরাট, মধ্যপ্রদেশে চলতি তাপপ্রবাহের বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়।

*******************

**World Environment Day:**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ আগামী ৫ই জুন নানা কর্মসূচির আয়োজন করবে। সচেতনতামূলক রেলি, বসে আঁকো প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে জানিয়েছেন, পর্ষদের সদস্যসচিব বিশু কর্মকার। তিনি জানান, ঐদিন দেবেন্দ্র নগর ডাম্পিং স্টেশনের আশপাশ এলাকায় বৃক্ষরোপন করা হবে। তাছাড়া, শহরের পাঁচটি বয়েজ হোস্টেলে ডাস্টবিন প্রদান ও গাছের চারা বিতরণ করা হবে।

*******************

**Sambardhana:**

ভারতরত্ন সংঘের উদ্যোগে আজ উষাবাজার সুখময় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, প্রাক্তন বিধায়ক ডাক্তার দিলীপ কুমার দাস সহ অন্যান্যরা। অনুষ্ঠানে চারজন করে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রী সহ মোট ১০ জনকে সংবর্ধনা দেওয়া হয়।

*******************

**Blood Donation:**

বিজেপি বনমালীপুর মন্ডলের উদ্যোগে আজ কামার পুকুরপাড়-এ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এদিকে, বুদ্ধ মন্দিরস্থিত শান্তিকামি সংঘ ও ৬-আগরতলা ক্লাব সেলের উদ্যোগেও রক্তদান শিবিরের আয়োজন করা

হয়। এই শিবিরগুলিতে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা।

*******************

**Blood Donation Jirania:**

জিরানীয়ার শচীন্দ্রনগর কলোনীতে বিজেপি'র এসসি মোর্চার উদ্যোগে আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এই শিবিরের উদ্বোধন করেন।

*******************

**Blood Donation-Auto Workers:**

ত্রিপুরা অটোরিক্সা ওয়ার্কাস ইউনিয়নের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আগরতলার সিআইটিইউ অফিসে আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে রক্তদাতাদের উৎসাহিত করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিটু্য রাজ্য সভাপতি মানিক দে ও অন্যান্যরা।

*******************

**F.M.D Vaccination Drive:**

গবাদি পশুর বাতারোগ নিমূলীকরণে বিশেষ টিকাকরণ কর্মসূচি চলছে ঊনকোটি জেলাতে। জেলার নানাস্থানে শিবির বা বাড়ি বাড়ি গিয়ে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের কর্মীরা বিনামূল্যে টিকাদান করছেন।

ঊনকোটি জেলাতে 52 হাজারেরও বেশি গবাদি পশুর টিকাকরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এখন পর্যন্ত 32 হাজার 341 টি টিকাকরণ করা হয়েছে।

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহ-অধিকর্তা ডাঃ সঞ্জয় অধিকারি জানান, চলতি জুন মাস পর্যন্ত বিশেষ টিকাদান কর্মসূচি চলবে।

*******************

**Loknath tirodhan divas:**

লোকনাথ ব্রম্মচারীর তিরোধান দিবস উপলক্ষ্যে আজ আগরতলায় লোকনাথ আশ্রমে বিশেষ পূজার আয়োজন করা হয়। আশ্রম প্রাঙ্গনে মেলায় প্রচুর দর্শনার্থীর সমাগম হয়। এই উপলক্ষ্যে ইতিমধ্যেই রক্তদান শিবিরের আয়োজন, বৃদ্ধাশ্রম এবং অনাথ আশ্রমে ফল মিষ্টি ও মেধাবী দুঃস্থ ছাত্রছাত্রীদের পাঠ্যবই বিতরন করা হয়।

*******************

**IMD:**

ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে দিল্লী সহ উত্তর পশ্চিম ভারতের সর্বোচ্চ তাপমাত্রা ও তাপপ্রবাহ ক্রমশ হ্রাস পাচ্ছে। আবহাওয়া দপ্তরের বৈজ্ঞানিক আর. কে. জেনামনি জানান, জুনের চার তারিখ থেকে দিল্লী সহ উত্তর পশ্চিম ভারতে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী তিন-চার দিনের মধ্যে উত্তর-পূর্ব ভারতে ভারী বৃষ্টিপাত হতে পারে।

*******************

**Weather:**

উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় আগামী ২৪ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। রাজ্যের অন্যান্য জেলায় বজ্র বিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ও সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.২ এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৩ ডিগ্রি সেলসিয়াস।

*******************

**Women T-20 Cricket:**

রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। পুলিশ ট্রেণিং একাডেমি মাঠে সকালের খেলায় নন্দননগর স্কুল ৬ উইকেটে বড়দোয়ালি স্কুলকে, পরে একই মাঠে দুপুরের খেলায় আসাম রাইফেলস পাবলিক স্কুল ২৮

রানে প্রণবানন্দ বিদ্যাভবনকে পরাজিত করে। এছাড়া নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অপর খেলায় ভবনস ত্রিপুরা বিদ্যামন্দির ১১৬ রানে প্রাচ্য ভারতী স্কুলকে হারিয়ে দেয়।

*******************

*******************